# আশ-শামস | Ash-Shams | ٱلشَّمْس

আয়াতঃ ৯১ : ৫

## আরবি মূল আয়াত:

وَ السَّمَآءِ وَ مَا بَنٰهَا ﴿۵﴾

## অনুবাদসমূহ:

কসম আসমানের এবং যিনি তা বানিয়েছেন। — আল-বায়ান

শপথ আসমানের আর সেটা যিনি বানিয়েছেন তাঁর, — তাইসিরুল

শপথ আকাশের এবং যিনি ওটা নির্মাণ করেছেন তাঁর। — মুজিবুর রহমান

And [by] the sky and He who constructed it — Sahih International

### ৫. শপথ আসমানের এবং যিনি তা নির্মাণ করেছেন তাঁর(১),

(১) অর্থাৎ শপথ আকাশের ও যিনি তা নির্মাণ করেছেন তাঁর। এ-অর্থানুসারে ما কে من এর অর্থে নিতে হবে। [তাবারী] আয়াতের আরেক অর্থ হচ্ছে, শপথ আকাশের এবং তা নির্মাণের। এ অবস্থায় ما কে مصدرية এর অর্থে নিতে হবে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### ৫। শপথ আকাশের এবং তার নির্মাণ কৌশলের। [1]

[1] অথবা সেই সত্তার কসম, যিনি তা নির্মাণ করেছেন। এ অর্থে ما শব্দ مَن শব্দের অর্থে ব্যবহার হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6048

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন